গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

## নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সুকেশ কুমার সরকার, মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি |
| তারিখ ও বার | : | ২২ জুন ২০২৩ (বৃহস্পতিবার) |
| স্থান | : | এনএপিডি'র বোর্ড রুম |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |

সভার উপস্থিতিঃ

(ক) **উপস্থিত সদস্যবৃন্দঃ** জনাব কে এম আলী রেজা (যুগ্মসচিব ও অতিরিক্ত মহাপরিচালক) এনএপিডি, ড. মোঃ নুরুজ্জামান (পরিচালক (গবেষণা ও প্রকাশনা)) এনএপিডি, প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ (পরিচালক (প্রশাসন ও অর্থ)) এনএপিডি, জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান (সিস্টেম এনালিস্ট) এনএপিডি, জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান প্রশিক্ষক-০৩, এনএপিডি, জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপপরিচালক (প্রশাসন)) এনএপিডি, জনাব মোহাম্মদ জিয়াউর রহমান (সহকারী পরিচালক) এনএপিডি, জনাব দীপায়ন চক্রবর্তী (গবেষণা কর্মকর্তা- ০১), এনএপিডি।

**(খ) অনুপস্থিতিঃ** সভায় সকল সদস্য উপস্থিত ছিলেন।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে একাডেমির উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় -

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | | ৩য় ত্রৈমাসিক সভা গত ২৭/০৩/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী প্রেরণের পর সংশ্লিষ্ট বিষয়ে অন্য কোনো মতামত পাওয়া যায়নি। দৃঢ়ীকরণ করা যেতে পারে। | দৃঢ়ীকরণ করা হলো। | |
| ০২ | [১.১] নৈতিকতা কমিটির সভা আয়োজন | এপিএ ২০২২-২৩ অনুযায়ী নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারে আয়োজন করার নির্দেশনা রয়েছে যা প্রতি কোয়ার্টারের শেষ মাসে আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। উল্লেখ্য ১২/০৯/২০২২ তারিখে ১ম সভা, ১৯/১২/২০২২ তারিখে ২য় সভা ও ২৭/০৩/২০২৩ তারিখে ৩য় সভা আয়োজিত মর্মে সভাকে অবহিত করা হয়। | নৈতিকতা কমিটির ৪টি সভা আয়োজিত হয়েছে যার ধারাবাহিকতা পরবর্তী ২০২৩-২৪ অর্থবছরেও অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক (প্র.) ও গবেষণা কর্মকর্তা-১ |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০৩ | [১.২] নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | এপিএ ২০২২-২৩ সংযোজনী-৫: এনএপিডির শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-এর আওতায় মোট ১৫টি কার্যক্রম রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। প্রতি কোয়ার্টারের কার্যক্রম অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার পাশাপাশি বাস্তবায়িত সিদ্ধান্তসমূহ সংখ্যা ও শতকরা হারে পরবর্তী ত্রৈমাসিক সভায় উপস্থাপন করা যেতে পারে। এনএপিডির শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-এর মোট ১৫ টি কার্যক্রমের মধ্যে ১ম ত্রৈমাসিক সময়ে ১২টি কার্যক্রম এবং ২য় ত্রৈমাসিক সময়ে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৩টি কার্যক্রম এবং ৩য় ত্রৈমাসিক সময়ে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ১০টি কার্যক্রম সম্পন্নের লক্ষ্যমাত্রা ছিল যার মধ্যে সবগুলো (১ম ত্রৈমাসিক ১২টি ও ২য় ত্রৈমাসিক ১৩টি এবং ৩য় ত্রৈমাসিক ১০টি কার্যক্রম) বাস্তবায়িত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। কার্যক্রম বাস্তবায়নের শতকরা হার ১০০%। | প্রতি কোয়ার্টারের কার্যক্রম অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে এবং বাস্তবায়িত সিদ্ধান্তসমূহ সংখ্যা ও শতকরা হারে পরবর্তী ত্রৈমাসিক সভায় উপস্থাপন করতে হবে। | উপ-পরিচালক (প্র.) ও গবেষণা কর্মকর্তা-১<br>- |
| ০৪ | [১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা | এপিএ ২০২২-২৩ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে প্রতি কোয়ার্টার-এ ০১ (এক) টি করে মোট ০৪ (চার) টি সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ৪র্থ সভা গত ২০ জুন ২০২৩ তারিখে আয়োজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ৪টি সভা আয়োজিত হয়েছে যার ধারাবাহিকতা পরবর্তী ২০২৩-২৪ অর্থবছরেও অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক (প্র.) ও গবেষণা কর্মকর্তা-১<br>- |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০৫ | [২.২] অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয়-পরিকল্পনাসহ) | প্রতি কোয়ার্টার-এ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয়-পরিকল্পনাসহ) করার লক্ষমাত্রা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নে অধিক যত্নবান হওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি মহোদয় বলেন, পরিকল্পনা অনুযায়ী ক্রয় বাস্তবায়ন শুদ্ধাচারের অন্যতম অনুসঙ্গ। তিনি প্রশাসন শাখাকে এ বিষয়ে গুরুত্বারোপের পরামর্শ প্রদান করেন। | বার্ষিক ক্রয়-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করতে হবে, ত্রৈমাসিক ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের প্রতিবেদন হিসাব শাখা প্রদান করবে এবং তা প্রমাণক হিসাবে নথিতে সংরক্ষণ করতে হবে। | উপ-পরিচালক (প্র.), সহকারী পরিচালক (প্র.), ও হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ০৬ | [২.৩] বাজেট বাস্তবায়ন | এনএপিডির অনুমোদিত বাজেট প্রতি কোয়ার্টার-এ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। সে লক্ষ্যে প্রতি কোয়ার্টার-এ পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর সভাপতিত্বে সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | এনএপিডির অনুমোদিত বাজেট ত্রৈমাসিক ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের প্রতিবেদন শাখা প্রদান করবে এবং তা প্রমাণক হিসাবে নথিতে সংরক্ষণ করতে হবে। | উপ-পরিচালক (প্র.), সহকারী পরিচালক (প্র.) ও হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ০৭ | [৩.১] সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য যানবাহনের লগবই প্রতি কোয়ার্টার-এ পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। একাডেমির সহকারী পরিচালকের মাধ্যমে যানবাহনের লগবই প্রতি কোয়ার্টার-এ যথাযথভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়াও বছর শেষে প্রত্যয়ন পত্র প্রদানের বিষয়ে আলোচনা হয়। | যানবাহনের লগবই ত্রৈমাসিক ভিত্তিতে পর্যবেক্ষণ করতে হবে এবং প্রমাণক হিসেবে উক্ত লগবই এর স্বাক্ষরিত পাতা ফটোকপি করে নথিতে সংরক্ষণ করতে হবে। | সহকারী পরিচালক (প্র.) |
| ০৮ | [৩.২] শুদ্ধাচার ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ (সরাসরি, ই-মেইল, হোয়াটসআপ | প্রতি কোয়ার্টার-এ শুদ্ধাচার ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক ১০০ (একশত)টি করে মোট ৪০০ (চারশত)টি লিফলেট বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। বিসিএস স্বাস্থ্য (১১৪তম ব্যাচ) ক্যাডার কর্মকর্তাদের দুই মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি | শুদ্ধাচার ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ অব্যাহত রাখতে হবে। এবং প্রমাণক হিসেবে এর কপি নথিতে সংরক্ষণ করতে হবে। | গবেষণা কর্মকর্তা-১ |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | ইত্যাদির মাধ্যমে) | কোর্স, Project Formulation & Appraisal for the officials of DOE, BB, BRTA & BHTPA under the BEST Project (1st & 2nd Batch) শীর্ষক প্রশিক্ষণ কোর্স, Short Foundation Training Course for BTRC Officers শীর্ষক প্রশিক্ষণ কোর্স, এবং Implication of Block Chain Technologies in Supply Chain Management; Challenges & Way Forward শীর্ষক কর্মশালায় মোট ১৭৫ জন প্রশিক্ষণার্থীদের কর্মকর্তাদের মাঝে উক্ত লিফলেট বিতরণ করা হয়েছে। | | |
| ০৯ | [৩.৩] দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ বিষয়ে সেশন পরিচালনা | দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪ বিষয়ে একাডেমির বিভিন্ন দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্সে সেশনে অন্তর্ভূক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে সেশন পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। ইতোমধ্যে ৪র্থ কোয়ার্টারে বিসিএস স্বাস্থ্য (১১৪ তম ব্যাচ) ক্যাডার কর্মকর্তাদের দুই মাস মেয়াদি বিশেষ বুনিয়াদি কোর্স ও Short Foundation Training Course for BTRC Officers শীর্ষক প্রশিক্ষণ কোর্সসমূহে মোট ০২ (দুই) টি সেশন পরিচালিত হয়েছে। | দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ বিষয়ে একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের সেশন পরিচালনা অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ), প্রধান প্রশিক্ষক-৩ ও গবেষণা কর্মকর্তা-১ |

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সুকেশ কুমার সরকার
মহাপরিচালক (সরকারের সচিব)
এনএপিডি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

স্মারক নং- ০৫.৮৮.০০০০.০০৫.০৫.০০৯.২২-৩৭৮ তারিখ: ২২/০৬/২০২৩

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জনাব কে এম আলী রেজা, যুগ্মসচিব ও অতিরিক্ত মহাপরিচালক, এনএপিডি।
২. ড. মোঃ নুরুজ্জামান, পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।
৩. প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ, পরিচালক (প্রশাসন ও অর্থ), এনএপিডি।
৪. জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান, সিস্টেম এনালিস্ট, এনএপিডি।
৫. জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান প্রশিক্ষক-০৩, এনএপিডি।
৬. জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী, উপ-পরিচালক (প্রশাসন), এনএপিডি।
৭. জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, সহকারী পরিচালক, এনএপিডি।
৮. জনাব দীপায়ন চক্রবর্তী, গবেষণা কর্মকর্তা-০১, এনএপিডি।
৯. জনাব মুবাশ্বিরা আমাতুল্লাহ, মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, এনএপিডি।
১০. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনএপিডি।
১১. পরিচালক (গবেষণা ও প্রকাশনা/প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনএপিডি।
১২. অফিস কপি।

দীপায়ন চক্রবর্তী
গবেষণা কর্মকর্তা-০১,
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)